

## আরো ১০টি কমপিউটার শিক্ষা কেন্দ্র চালু করছে ডি ডট নেট

ব্যাংক এশিয়া লিমিটেডের আর্থিক সহায়তায় সমাজের সুবিধা বর্ধিত মানুষের জন্য আরো ১০টি কমপিউটার শিক্ষা কেন্দ্র চালু করতে যাচ্ছে ডেভেলপমেন্ট রিসার্চ নেটওয়ার্ক (ডি ডট নেট)। সম্প্রতি এ বিষয়ে দুটি প্রতিষ্ঠানের মধ্যে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ব্যাংক এশিয়া লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আনিসুল হক ও ডি ডট নেটের



চেয়ারম্যান ড. তৌফিক আহমেদ চৌধুরী নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। ব্যাংক এশিয়া লিমিটেডের সহকারী ব্যবস্থাপনা পরিচালক এরফানুদ্দিন আহমেদ, ডি ডট নেটের নির্বাহী পরিচালক ড. অনন্য রায়হানসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

চুক্তির আওতায় ব্যাংক এশিয়ার আর্থিক সহায়তায় এবং ডি ডট নেটের ব্যবস্থাপনা ও কারিগরি সহায়তায় কেন্দ্রগুলো পরিচালিত হবে। ঢাকা, চট্টগ্রাম, কিশোরগঞ্জ, নোয়াখালী ও মুন্সীগঞ্জের বিভিন্ন এলাকায় কমপিউটার শিক্ষা কেন্দ্রগুলো চালু করা হবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ব্যাংক এশিয়া লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আনিসুল হক বলেন, এর আগে ডি ডট নেট ব্যাংক এশিয়ার অর্থায়নে তিনটি কমপিউটার শিক্ষা কেন্দ্র চালু করেছিল। ওই তিনটি কেন্দ্রের সফলতার ওপর ভিত্তি করে যৌথভাবে নতুন কেন্দ্রগুলো চালু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। কেন্দ্রগুলোতে সম্পূর্ণ বিনা খরচে কমপিউটার শিক্ষা প্রদান করা হবে। তিনি বলেন, ব্যাংক এশিয়ার তাদের সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে এ কমপিউটার শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠায় অর্থায়ন করার সিদ্ধান্ত নিয়েছে। এ ১০টি কেন্দ্রের সফলতার ওপর নির্ভর করে ভবিষ্যতে আরো কেন্দ্র তৈরিতে অর্থায়ন করবে ব্যাংক এশিয়া। এক প্রশ্নের জবাবে ডি ডট নেটের নির্বাহী পরিচালক ড. অনন্য রায়হান বলেন, ব্যাংক এশিয়া ছাড়াও অন্য কয়েকটি প্রতিষ্ঠানের সহায়তায় চলতি বছরের শেষ নাগাদ ৮৫টি কমপিউটার শিক্ষা কেন্দ্র চালু করতে সক্ষম হবে ডি ডট নেট। আগামী ২০১০ সাল নাগাদ ১,০০০ স্কুলে কমপিউটার শিক্ষা কেন্দ্র চালু করার পরিকল্পনা রয়েছে ডি ডট নেটের।